

[রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]

সাধারণ বীমা কর্পোরেশন SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

Website : www.sbc.gov.bd

স্মারক নং- সাবীক/মাঃসঃ/প্রঃকাঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০২১/১৬৫৬

তারিখঃ ২৯-০৮-২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে আত্মীয় বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদগুলোতে আবেদনের ক্ষেত্রে আবশ্যিকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

ক্রঃ নং	পদের নাম (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনস্কেল ও গ্রেড)	পদের সংখ্যা	আবেদনের যোগ্যতা ও বয়স
১.	সিনিয়র সিস্টেম এনালিস্ট (গ্রেড-০৪; স্কেল-৫০০০০-৭১২০০)	০১টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ অন্যান্য স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্ববিশ্ববিদ্যুত প্রতিষ্ঠানে সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/অপারেশন ম্যানেজার হিসেবে অন্যান্য ০৩ (তিন) বৎসরের চাকুরী; (গ) সংশ্লিষ্ট সেक्टरে স্বীকৃত কোন উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে; এবং (ঘ) সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বৎসর।
২.	কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬; স্কেল-৯৩০০-২২৪৯০)	০১টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ; (খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর।

শর্তাবলীঃ

১। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্য সম্বলিত জীবন বৃত্তান্ত সংযুক্ত করতে হবেঃ

(ক) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়স (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়) (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) পেশাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) ধর্ম (ড) লিঙ্গ (ঢ) বৈবাহিক অবস্থা (ন) মোবাইল নম্বর (ত) ই-মেইল ঠিকানা (থ) নাগরিকত্ব (দ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর (যাদের জাতীয় পরিচয়পত্র নেই শুধুমাত্র তাদের ক্ষেত্রেই জন্ম নিবন্ধন গ্রহণযোগ্য) (ধ) পে-অর্ডার /ব্যাংক ড্রাফট নম্বর ও তারিখ এবং ইস্যুকারী ব্যাংক ও শাখার নাম (ণ) চাকুরীরত থাকলে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা।

২। আবেদন পত্রের সাথে যে সমস্ত কাগজপত্র/ডকুমেন্ট দাখিল করতে হবেঃ

(ক) ক্রমিক নং-০১ এ উল্লিখিত পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকার এবং ক্রমিক নং-০২ এ উল্লিখিত পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) রপ্তায় যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে "সাধারণ বীমা কর্পোরেশন" এর অনুকূলে প্রেরণ করতে হবে (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার সনদের ফটোকপি (ঘ) নিজ জেলার সমর্থনে জাতীয়তা/নাগরিকত্বের মূল সনদপত্র (ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কিংবা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত) (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। (চ) অভিজ্ঞতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি।

৩। অন্যান্য তথ্য ও নির্দেশনাবলীঃ

(ক) সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের অগ্রিম কপি বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত আবেদনপত্র কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। (খ) আবেদন পত্রে এবং খামের উপরে আবেদনকারীর নাম, প্রার্থীত পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। (গ) নির্ধারিত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। (ঘ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। (ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে নিয়োগ সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের জন্য বিবেচনা করা হবে। (চ) পরীক্ষা/সাক্ষাতকারে হাজির হওয়ার জন্য কোন টি.এ./ডি.এ. প্রদান করা হবে না। (ছ) সরকার কর্তৃক এ বিষয়ে জারীকৃত নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। (জ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। (ঝ) কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। (ঞ) আবেদনপত্র "ডেপুটি জেনারেল ম্যানেজার" মানব সম্পদ বিভাগ (৮ম তলা), সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এর বরাবরে অবশ্যই ডাকযোগে আগামী ০৭/১০/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে ২৮/০১/২০২১ তারিখে প্রতিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল প্রার্থী সিনিয়র সিস্টেম এনালিস্ট (গ্রেড-০৪) পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনপত্র পৌছানোর শেষ তারিখ

০৭/১০/২০২১ খ্রিঃ

(মোঃ আবদুল বারেক)

ডেপুটি জেনারেল ম্যানেজার